উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.০২৬.২০১৩- ৫৮৫ তারিখ ঃ ০৬/১১/১৬ খ্রিঃ

বিষয় ঃ সন্দ্বীপ পৌরসভা কার্যালয়ের ২০০৬-২০১৪ অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসংগে।

সুত্র ঃ (ক) সন্দ্বীপ পৌরসভা স্মারক নং-৭৯, তারিখ-১৮/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সন্দ্বীপ পৌরসভা কার্যালয়ের ২০০৬-২০১৪ অর্থ বছরের জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক বিবেচিত হয়নি। জবাব পর্যালোচনান্তে দেখা যায় যে, অনুচ্ছেদ ৬, ৭ ও ৮ এর আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমার সমর্থনে সিটিআর প্রেরণ করা হয়নি । তাছাড়া জবাব প্রেরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ছক ও নির্দেশনা অনুসরণ করা হয়নি।

এমতাবস্থায়, আপত্তিকৃত সমুদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে ২(দুই) সেট নিস্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা অনুসরণ করে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিস্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

| আপত্তির সন ও অনুঃ নং | অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ | স্থানীয় অফিসের জবাব | নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |

সংযুক্ত ঃ বর্ণনামতে।

অনুসরনীয় নির্দেশনা
(ক) শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(খ) আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২ সেট জবাব দাখিল করতে হবে;
(গ) স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
(ঘ) চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস কপি দাখিল করতে হবে;
(ঙ) প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
(চ) সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
(ছ) সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
(জ) টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
(ঝ) ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

৬.১১.১৬

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

মেয়র
সন্দ্বীপ পৌরসভা
চট্টগ্রাম।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (পৌরসভার জবাবের কপি সংযুক্ত)।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
৬। সংরক্ষণ নথি।